

সিগন

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম বিক্রি শুরু হলেও সাড়া কম

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০০৭-০৮ শিক্ষাবর্ষে স্নাতক ১ম বর্ষের ভর্তি ফরম বিতরণের সূচনা হয়েছে। গত ৩৩ ডিগ্রি কলেজে উন্নয়নমূলক

ফরম বিক্রি শুরু না হলেও সাড়া কম। গত দুই দিনে চারটি অফিসে মোট ৯ হাজার ৪৪৯টি ফরম বিক্রি হয়েছে। সামগ্রিকভাবে এখন পর্যন্ত ফরম বিক্রি কম হলেও কয়েক দিন পর তা বৃদ্ধি পাবে। গত সোমবার এ ফরম বিক্রি ও জমা নেয়া শুরু হলেও তা চলবে আগামী ২৯ নভেম্বর পর্যন্ত।

বিশ্ববিদ্যালয় সূত্র মতে, অবকাঠামোগত দুর্বলতা এবং শিক্ষক সম্বন্ধে কারণে চলতি শিক্ষাবর্ষে আগের নির্দিষ্ট আসনসংখ্যা কমানো হয়েছে। চারটি অফিসে ১০ বিভাগে এবার ভর্তি করা হবে মোট ২ হাজার ২৫৫ জন শিক্ষার্থী। গত শিক্ষাবর্ষে দু'দিন যায় সাড়ে ৩ হাজার এর মধ্যে বিজ্ঞান অনুষদের ৬টি বিভাগে মোট ৪১০ জন : পুঃ ১১ কঃ ৩

## শুরু : ফরম বিক্রি

(১২ পৃষ্ঠার পর)

জন শিক্ষার্থী ভর্তি করা হবে। ব্যবসায় শিক্ষা অনুষদে ৪টি বিভাগে ৬শ' শিক্ষার্থী, কলা এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ১০টি বিভাগে ৯৬৫ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। ফলে এবার ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রতিযোগিতা হবে।

চলতি শিক্ষাবর্ষে ভর্তি ফরম কিনতে আসা কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে আলাপ করে জানা গেছে, তারা আধুনিক ও সমন্বয়পযোগী বিষয় এবং আবাসিক ব্যবস্থাসমূহ বিশ্ববিদ্যালয়গুলোতে প্রথমে ভর্তির চেষ্টা করবে। সত্তর না হলে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য চেষ্টা করবে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. সিরাজুল ইসলাম খান জানান, আগামী শিক্ষাবর্ষ থেকে আইন, সাংবাদিকতা, কম্পিউটার সায়েন্স, মার্কেটিং, বয়োলজি, টেলি-কমিউনিকেশনসহ বিভিন্ন সমন্বয়পযোগী বিষয় চালু করা হবে।